



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
ফুলবাড়ী, কুড়িগ্রাম
ufofulbari@fisheries.gov.bd



স্মারক নং: ৩৩.০২.৪৯১৮.৫০১.৩৬.০০১.২৩.০১

তারিখঃ ১৭ পৌষ ১৪২৯
১ জানুয়ারি ২০২৩

বিষয় : একটি উত্তাবনী ধারণা/ সেবা সহজীকরণ উদ্যোগ গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা মৎস্য দপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। অত্র উপজেলার মানুষ মাঝে মাঝে চাষ করে সাবলম্বী হওয়া যায়। এবং মাছের উৎপাদন বৃদ্ধি করে অত্র উপজেলার মাছের চাহিদা মিটিয়ে বাইরে যোগান দেওয়া যায়, সেই বিষয়টি চিহ্নিত করে অত্র দপ্তরে একটি উত্তাবনী উদ্যোগ নিতে চায়। উদ্যোগটি হলো অত্র উপজেলার সকল বেসরকারী/ব্যক্তিমালিকানাধীন নার্সারির তথ্য সংবলিত একটি তালিকা তৈরি করে দপ্তরের ওয়েব পোর্টালে ও নোটিশ বোর্ডে সংরক্ষণ করা, যাতে আগ্রহী চাষী সহজেই প্রয়োজনমত রেনু পোনার যোগান পেতে পারে।

উদ্ধৃতি কর্তৃপক্ষ বরাবর সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি:

১। একটি উত্তাবনী ধারণা/সেবা সহজীকরণ উদ্যোগ।

জেলা মৎস্য কর্মকর্তা,
কুড়িগ্রাম

(মোঃ রায়হান উদ্দিন সুন্দার)
উপজেলা মৎস্য কর্মকর্তা(অ:দা:)
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ufofulbari@fisheries.gov.bd

একটি উদ্ভাবনী ধারণা/সেবা সহজীকরণ উদ্যোগ

উদ্যোগের নামঃ

উপজেলা মৎস্য দপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম এর উদ্যোগে অত্র উপজেলার বেসরকারী/ব্যক্তিমালিকানাধীন ও নার্সারির তথ্য।

উদ্যোগটি সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনাঃ

অত্র ফুলবাড়ী উপজেলাটি ০৯ টি বিল নদী ০২ টি ৫ টি সরকারী দীঘি ৩৪০৫ টি ব্যক্তিমালিকানাধীন পুকুর, প্লাবন ভূমি দ্বারা বেষ্টিত মৎস্য চাষের জন্য একটি সম্ভাবনাময় উপজেলা। অত্র উপজেলায় ব্যক্তিমালিকানাধীন অনেক নার্সারি রয়েছে যারা বছর ব্যাপী বিভিন্ন মাসের রেনু পোনা উৎপাদন করে অত্র উপজেলার চাহিদা মিটিয়ে পার্শ্ববর্তী এলাকায় বিক্রয় করেন। এভাবে নার্সারার গণ নিজেরা স্বাবলম্বী হয়ে অত্র এলাকার মৎস্য চাষ সম্প্রসারণ প্রত্যক্ষ ভূমিকা পালন করেন। অত্র উপজেলার সকল নার্সারার গণের নাম, ঠিকানা, মোবাইল নম্বর, উৎপাদিত রেনুর প্রজাতি প্রভৃতি তথ্য সম্বলিত একটি তালিকা তৈরি দপ্তরের ওয়েব পোর্টাল এবং দপ্তরের নোটিশ বোর্ডের দেয়া হবে, যাতে তথ্য গুলো সুফলভোগীদের নিকট সহজলভ্য হয়।

উদ্যোগটির উদ্দেশ্যঃ

তালিকাটিতে অত্র উপজেলার সকল নার্সারার গণের নাম, ঠিকানা, মোবাইল নম্বর, উৎপাদিত রেনুর প্রজাতি প্রভৃতি তথ্য রয়েছে। তথ্য সমৃদ্ধ তালিকাটি দপ্তরের ওয়েব পোর্টাল এবং দপ্তরের নোটিশ বোর্ডে দেয়া হবে, যাতে তথ্য গুলো সুফলভোগীদের নিকট সহজলভ্য হয়। উদ্যোগটি বাস্তবায়ন করলে অত্র উপজেলার সকল মৎস্যচাষিরা স্বল্প সময়ে, খুব সহজেই মাসের রেনু পোনা সংগ্রহ করতে পারবে।

উদ্যোগটির বাস্তবায়ন কৌশলঃ

উদ্যোগটি বাস্তবায়নের লক্ষ্যে অত্র দপ্তরের সকল কর্মকর্তা, কর্মচারি, স্থানীয় গণ্যমাধ্যম ব্যক্তি, মৎস্যচাষিদের সমন্বয়ে উপজেলার ০৬ টি ইউনিয়নের সকল গ্রামে জরিপের মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হবে।

উদ্যোগটি বাস্তবায়নের সম্ভাব্য সময়কালঃ

উদ্যোগটি ১৬/০২/২০২৩ খ্রি: তারিখের মধ্যে বাস্তবায়ন করা সম্ভব হবে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ

উপজেলা মৎস্য দপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম।